

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৭৪৭  
তেলিয়ামুড়া, ৯ জুলাই, ২০২৪

**প্রধানমন্ত্রী আবাস যোজনা-শহুরি  
তেলিয়ামুড়া পুরপরিষদ এলাকার  
সুবিধাভোগীদের পাকা আবাস নির্মাণের মঞ্জুরি**

প্রধানমন্ত্রী আবাস যোজনা-শহুরি প্রকল্পে তেলিয়ামুড়া পুরপরিষদ এলাকার ১০৬ জন সুবিধাভোগীর হাতে আজ এক অনুষ্ঠানে পাকা আবাস নির্মাণের মঞ্জুরিপত্র তুলে দেওয়া হয়। প্রধানমন্ত্রী আবাস যোজনার নবম বর্ষপূর্তি উপলক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই যোজনার সপ্তম ডিপিআর-এর অন্তর্গত এই সুবিধাভোগীদের হাতে মঞ্জুরিপত্রগুলি তুলে দেওয়া হয়। তেলিয়ামুড়ার অশ্বিনী কুমার ঘোষ কমিউনিটি হলে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়। উপস্থিত ছিলেন পুরপরিষদের বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলারগণ। অনুষ্ঠানের উদ্বোধন করে পুরপরিষদের চেয়ারপার্সন বলেন, রাজ্য সরকার দলমত নির্বিশেষে প্রকৃত সুবিধাভোগীদের হাতে সরকারি প্রকল্পের সুযোগ পৌঁছে দিচ্ছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পুরপরিষদের উপমুখ্যকার্যনির্বাহী আধিকারিক অমিত রায় চৌধুরী। তিনি জানান, প্রধানমন্ত্রী আবাস যোজনা-শহুরি প্রকল্পে সপ্তম ডিপিআর-এ ১১১টি পাকা আবাস নির্মাণের লক্ষ্যমাত্রা রয়েছে। আজকের অনুষ্ঠানে ১০৬ জন সুবিধাভোগীর হাতে পাকা আবাস নির্মাণের মঞ্জুরিপত্র তুলে দেওয়া হলো। এই যোজনায় প্রতিটি আবাস নির্মাণে ব্যয় হবে ১ লক্ষ ৬৬ হাজার ৬৬৬ টাকা। আগামী ডিসেম্বর মাসের মধ্যে এই আবাসগুলির নির্মাণ কাজ সম্পন্ন করা হবে।

\*\*\*\*\*